বিজিএ/শ্রম/২০২৫/২৯৫

২১ ডিসেম্বর, ২০২৫

## সকল সম্মানিত সদস্যের জন্য

বিষয় ঃ পোশাক শিল্প কারখানাতে ২০২৬ সালে উৎসব ছুটি নির্ধারণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আপনি অবগত রয়েছেন যে, প্রতিটি পোশাক শিল্প কারখানা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১১৮ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর বিধি ১১০ এর বিধান মোতাবেক বার্ষিক উৎসব ছুটি নির্ধারণ করে থাকে।

বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সংশ্লিষ্ট বিধান নিম্নে উল্লেখ করা হলোঃ

বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা - ১১৮। উৎসব ছুটি।- (১) প্রত্যেক শ্রমিককে প্রতি পঞ্জিকা বৎসরে ১৩ (তের) দিনের মজুরী সহ উৎসব ছুটি মঞ্জুর করতে হবে। (১৭ নভেম্বর, ২০২৫ তারিখের শ্রম অধ্যাদেশ মোতাবেক)

(২) বিধি দ্বারা নির্ধারিত ভাবে মালিক উক্ত ছুটির দিন ও তারিখ স্থির করবেন।

বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর বিধি - ১১০। উৎসব ছুটি।- (১) প্রত্যেক মালিক তার প্রতিষ্ঠানের যৌথ দরকষাকষি প্রতিনিধির (যদি থাকে) সহিত আলোচনাক্রমে প্রতি বৎসর ৩১ ডিসেম্বরের মধ্যে পরবর্তী বৎসরের উৎসব ছুটি নির্ধারণ করবেন।

(২) মালিক উক্ত ছুটির তালিকা প্রতিষ্ঠানের সকল শ্রমিকের জ্ঞাতার্থে নোটিস বোর্ডে লটকাইয়া রাখবেন এবং উহার একটি কপি সংশ্লিষ্ট পরিদর্শকের নিকট প্রেরণ করবেন।

(৩) যৌথ দরকষাকষি প্রতিনিধি না থাকলে মালিক বিষয়টি অংশগ্রহণকারী কমিটিতে আলোচনাক্রমে উক্ত কমিটির সুপারিশ অনুযায়ী উৎসব ছুটি নির্ধারণ করবেন।

(৪) কোন প্রতিষ্ঠানে যৌথ দরকষাকষি প্রতিনিধি বা অংশগ্রহণকারী কমিটি কোনটিই না থাকলে মালিক যতদূর সম্ভব শ্রমিকদের সহিত আলোচনাক্রমে উক্ত ছুটি নির্ধারণ করবেন।

অতএব, বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১১৮ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর বিধি ১১০ এর বিধান মোতাবেক ৩১ ডিসেম্বর, ২০২৫ এর মধ্যে আপনার কারখানার অংশগ্রহণকারী কমিটির শ্রমিক প্রতিনিধি বা যৌথ দরকষাকষি প্রতিনিধিদের (যদি থাকে) সাথে আলোচনাক্রমে ২০২৬ সালের উৎসব ছুটি ঘোষনা করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

প্রকাশ থাকে যে, এতদসঙ্গে বিজিএমইএ কর্তৃক প্রস্তুতকৃত একটি ছুটির তালিকা সংযুক্ত করা হলো, যা ২০২৬ সালে উৎসব ছুটি নির্ধারণকালে উক্ত দিবসগুলো বিবেচনা করতে পারেন।

ধন্যবাদান্তে,

২১/১২/২৫

মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)
সচিব (ভারপ্রাপ্ত)

সংযুক্তিঃ ২০২৬ সালের উৎসব ছুটির প্রস্তাবিত তালিকা।

BGMEA

# ২০২৬ সালের প্রস্তাবিত বাৎসরিক উৎসব ছুটির তালিকা

| ক্রমিক | ছুটির বিবরণ | তারিখ ও বার | দিনের সংখ্যা |
|---|---|---|---|
| ১। | শব-ই বরাত | ৪ ফেব্রুয়ারী বুধবার | ১ দিন* |
| ২। | শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস | ২১ ফেব্রুয়ারী শনিবার | ১ দিন |
| ৩। | ঈদ-উল ফিতর | ২১ মার্চ শনিবার<br>২২ মার্চ রবিবার<br>২৩ মার্চ সোমবার | ৩ দিন* |
| ৪। | স্বাধীনতা ও জাতীয় দিবস | ২৬ মার্চ বৃহস্পতিবার | ১ দিন |
| ৫। | বাংলা নববর্ষ | ১৪ এপ্রিল মঙ্গলবার | ১ দিন |
| ৬। | ঈদ-উল-আজহা | ২৮ মে বৃহস্পতিবার<br>৩০ মে শনিবার<br>৩১ মে রবিবার | ৩ দিন* |
| ৭। | জুলাই গণঅভ্যুত্থান দিবস | ৫ আগষ্ট বুধ বার | ১ দিন |
| ৮। | দুর্গাপূজা (বিজয়া দশমী) | ২১ অক্টোবর বুধবার | ১ দিন |
| ৯। | বিজয় দিবস | ১৬ ডিসেম্বর বুধ বার | ১ দিন |
| | | | ১৩ দিন |

* চাঁদ দেখার উপর নির্ভরশীল

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org